দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 OCT 2008
পৃষ্ঠা – ১৬ কলাম – ৪

# অনুমোদনহীন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি না হতে শিক্ষার্থীদের সতর্ক করেছে সরকার

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সরকারের অনুমোদন নেই এমন বিশ্ববিদ্যালয়, আউটার ক্যাম্পাস, কলেজ, রিজিওনাল সেন্টার, দূরশিক্ষণ কেন্দ্রে ভর্তি না হবার জন্য ভর্তিচ্ছু শিক্ষার্থীদের শিক্ষা মন্ত্রণালয় থেকে অনুরোধ জানানো হয়েছে। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সতর্কীকরণপত্রে এ অনুরোধ জানানো হয়।

পত্রে বলা হয়, বর্তমানে দেশে ৫১টি বেসরকারি বিশ্ববিদ্যালয় চালু রয়েছে, যার মধ্যে অনেকগুলোর সাময়িক সনদের মেয়াদ আগেই শেষ (১৫শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## অনুমোদনহীন শিক্ষা (১৬শ পৃঃ পর)

হয়েছে। এসব বিশ্ববিদ্যালয় পরিচালনার আইনকে যুগোপযোগী করার উদ্যোগ নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। কিন্তু অতি মুনাফালোভী ব্যবসায়ী মনোভাবাপন্ন কতিপয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষাকে পণ্য বানিয়ে যত্রতত্র এমনকি জেলা- উপজেলা ও ইউনিয়ন পর্যায় পর্যন্ত বিভিন্ন নামে আউটার ক্যাম্পাস খুলে উচ্চ শিক্ষাকে মারাত্মক অবনতির দিকে ঠেলে দিচ্ছে।

অবৈধ কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে কেউ প্রতারিত হলে বা তাদের প্রদত্ত সনদের বৈধতার বিষয়ে কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি সৃষ্টি হলে তার দায়- দায়িত্ব সরকার নেবে না বলে সতর্কীকরণ পত্রে উল্লেখ করা হয়।